গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২৬.২০-২৭

তারিখঃ ০৪ মাঘ ১৪২৭ ব. / ১৮ জানুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৮০৫/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২২/১০/২০২০খ্রি. তারিখে প্রদত্ত আদেশ এর বিরুদ্ধে আপীল দায়েরকরণ সংক্রান্ত।

সূত্র:
(১) মাউশিঅ এর স্মারক নং- ১জি/১৯১৩ বি/০৬/৮৬৬৭/বিশেষ, তারিখ: ১০/১২/২০০৬খ্রি.
(২) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০০২.১৭-৪২৯, তারিখ: ২০.১২.২০১৭খ্রি
(৩) টিএমইডি'র বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এস.কে সফিক মাহমুদ পুষ্প এর নিকট হতে প্রাপ্ত আবেদন, তারিখ: ০৪/১০/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন চাচিয়া মীরগঞ্জ এ.আর আশরাফিয়া দাখিল মাদ্রাসা'য় সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে চাকুরীতে যোগদানের তারিখ (১৬/১০/২০০৪) হতে জনাব আবু নোমান মো: আখতারুজ্জামান-কে "নিয়োগের পর বি.পি.এড ডিগ্রী অর্জন করায়" এমপিও প্রদানে অস্বীকার করে মাউশিঅ হতে ১০/১২/২০০৬ তারিখে সূত্রোক্ত (১) সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়।

২। পরবর্তীতে বর্ণিত শিক্ষক কর্তৃক তাঁর এমপিওভুক্তির বিষয়টি পুন:বিবেচনা করার জন্য সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর গত ২৮/০৩/২০১৭ তারিখে আবেদন করা হয়। আবেদনকারী তাঁর আবেদনের উল্লেখ করেন যে, **"পর পর ৪র্থ বার দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার পরেও কোন প্রার্থী না পাওয়ায় পিটিশনার-কে শর্ত সাপেক্ষে নিয়োগ দেয়া হয়। পিটিশনার ২০০৫ সালে বি.পি.এড ডিগ্রী সনদ অর্জন করেন। তার যোগদানের তারিখ (১৬/১০/২০০৪ তারিখ) হতে এমপিও দাবী করেননি। বি.পি.এড ডিগ্রী সনদ অর্জন করার পর হতে এমপিওভুক্তির জন্য আবেদন করেন" মর্মে আবেদনে উল্লেখ রয়েছে।**

৩। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় শরীর চর্চা শিক্ষক পদে বর্ণিত প্রতিষ্ঠানে যোগদানের তারিখ (১৬/১০/২০০৪ তারিখ) হতে বকেয়াসহ এমপিও প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে জনাব আবু নোমান মো: আখতারুজ্জামান, সহকারী শিক্ষক (শরীর চর্চা) কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৭৮০৫/২০১৭ মামলা দায়ের করা হয় । উক্ত মামলায় সচিব, টিএমইডি-কে ১ নং, ডিজি, মাউশিঅ-কে ২ নং এবং ডিজি,ডিএমই-কে ৩নং সহ মোট ০৯(নয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

৪। উক্ত রিট পিটিশন নং-৭৮০৫/২০১৭ মামলাটি গত ০৫/০৬/২০১৭ তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রুল শুনানি চুড়ান্তকরণ ব্যতিরেকে পিটিশনার কর্তৃক এমপিওভুক্ত করার বিষয়টি পুন:বিবেচনা করার জন্য সচিব, টিএমইডি বরাবর গত ২৮/০৩/২০১৭ তারিখে দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য ১নং রেসপনডেন্ট (সচিব, টিএমইডি)-কে নির্দেশনা দিয়ে মহামান্য আদালত কর্তৃক এক অন্তবর্তীকালীন আদেশ দেয়া হয়।

৫। রিট পিটিশন নং-৭৮০৫/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৫/০৬/২০১৭ তারিখে প্রদত্ত অন্তবর্তীকালীন আদেশের প্রেক্ষিতে পিটিশনার জনাব আবু নোমান মো: আখতারুজ্জামান এর সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে নিয়োগ প্রক্রিয়া যথাযথ না হওয়ায় তথা নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় পিটিশনার কর্তৃক অধিষ্ঠিত পদে এমপিওভুক্তির সুযোগ নেই মর্মে-

(ক) প্রথমে মাউশিঅ কর্তৃক গত ১০.১২.২০০৬ খ্রি: তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকমূলে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করা হয়েছে অর্থাৎ বিষয়টি আইনানুগভাবে নিষ্পত্তিক্রমে আবেদনকারীকে অবহিত করা হয়েছে।

(খ) অন্যদিকে একইরূপ প্রতিকারের নিমিত্ত আবেদনকারী জনাব আবু নোমান মো: আখতারুজ্জামান কর্তৃক সচিব,কারিগরি ও মাদ্রাসা বিভাগ বরাবর দাখিলকৃত আবেদন এর অনুলিপির (যার পৃথক অনুলিপি আবেদনকারী কর্তৃক মহাপরিচালক,মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবরও দাখিল হয়েছিল) উপর মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক আবেদনকারীর উক্ত আবেদনের বিষয়বস্তু পর্যালোচনাক্রমে আবেদনকারীর নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা না থাকায় সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে এমপিওভুক্তির কোন সুযোগ নেই মর্মে ২০.১২.২০ খ্রি: তারিখের সূত্রোক্ত (২) নং স্মারকমূলে পিটিশনারকে অবহিতক্রমে (কারিগরি ও মাদ্রাসা বিভাগকে অনুলিপি প্রদানক্রমে)বিষয়টি আইনানুগভাবে নিষ্পত্তি করা হয়েছে।

(গ) আবেদনকারীর আবেদনের বিষয়টি ০২ বার (০১ বার ডিজি, মাউশিঅ কর্তৃক এবং ০১ বার ডিজি, ডিএমই কর্তৃক) আইনানুগভাবে নিষ্পত্তিক্রমে (নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় পিটিশনার কর্তৃক অধিষ্ঠিত পদে এমপিওভুক্তির সুযোগ নেই মর্মে) আবেদনকারীকে অবহিত করায় সম্ভবত ভুলক্রমে সচিব মহোদয় বরাবর দাখিলকৃত আবেদনটির বিষয়ে টিএমইডি কর্তৃক কোন কার্যক্রম গ্রহণ তথা আইনানুগভাবে আবেদনটি নিষ্পত্তিক্রমে আবেদনকারীকে অবহিত করা হয়নি। যদিও নিষ্পত্তির বিষয়টি পিটিশনার সম্পূর্ণ অবগত।

চলমান পাতা নং-০২

৬। পিটিশনারের জন্য প্রযোজ্য নীতিমালা তথা গত ২৪/১০/১৯৯৫ খ্রি. তারিখে জারীকৃত "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসাসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালার নিয়োগ, যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতনস্কেল অংশের ১০ নং ক্রমিক" অনুযায়ী সহকারি শিক্ষক (শরীর চর্চা) পদে যোগ্যতা হলো **"স্নাতকসহ বিপিএড প্রশিক্ষনপ্রাপ্ত। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। অথবা স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষন প্রাপ্ত। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে"।**

৭। ৬ নং অনুচ্ছেদে বর্ণিত নীতিমালার আলোকে পিটিশনার জনাব আবু নোমান মো: আখতারুজ্জামান সহকারি শিক্ষক (শরীর চর্চা) পদের কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে আবু নোমান মো: আখতারুজ্জামান এর নিয়োগ আইনানুগ হয়নি বিধায় তিনি (জনাব আবু নোমান মো: আখতারুজ্জামান) এমপিও প্রাপ্তীর জন্য যোগ্য হিসেবে বিবেচিত হওয়ার কোন সুযোগ নেই। অর্থাৎ পিটিশনার জনাব আবু নোমান মো: আখতারুজ্জামান সহকারি শিক্ষক (শরীর চর্চা) পদের কাম্য শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ছিলেন না বিধায় সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে আবু নোমান মো: আখতারুজ্জামান এর নিয়োগটি Void ab initio হিসেবে বাতিলযোগ্য।

৮। উল্লিখিত প্রেক্ষাপটে রিট পিটিশন নং-৭৮০৫/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৫/০৬/২০১৭ তারিখে প্রদত্ত অন্তবর্তীকালীন আদেশের প্রেক্ষিতে ডিএমই হতে পিটিশনার "জনাব আবু নোমান মো: আখতারুজ্জামান, সহকারী শিক্ষক (শরীরচর্চা) এর নিয়োগপ্রাপ্তি আইনানুগ না হওয়ায় তাঁর অধিষ্ঠিত পদে (সহকারি শিক্ষক, শরীর চর্চা) এমপিওভুক্তির কোন সুযোগ নেই" মর্মে পিটিশনার কর্তৃক ২৮/০৩/২০১৭ তারিখে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করা হয়। পিটিশনার এর আবেদনটি ডিএমই কর্তৃক উক্ত নিষ্পত্তিকরণ এর সাথে টিএমইডি হতে একমত পোষণ করে টিএমইডি হতে পিটিশনারসহ বিজ্ঞ প্যানেল আইনজীবী-কে জানিয়ে দেয়া হয়।

৯। ইতোমধ্যে রিট পিটিশন নং-৭৮০৫/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ২২/১০/২০২০খ্রি. তারিখে Rule Absolute করে রায় প্রদান করা হয় (সুপ্রীম কোর্টের ওয়েভ সাইট হতে প্রাপ্ত)। উক্ত রায়ের সাথে সরকারের আর্থিক সংশ্লেষ রয়েছে বিধায় উক্ত রায়ের বিরুদ্ধে জরুরি ভিত্তিতে আপীল দায়ের করা আবশ্যক। কিন্তু উক্ত রায়ের বিরুদ্ধে ডিজি, ডিএমই কর্তৃক আপিল দায়ের করা হয়েছে কিনা এ বিষয়ে কোন তথ্য জানা যায়নি।

১০। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭৮০৫/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ২২/১০/২০২০খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশ এর বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েল হয়েছে কিনা? হয়ে থাকলে আপিল মামলার নম্বরসহ মামলার সর্বশেষ তথ্য এবং আপিল দায়ের না হয়ে থাকলে দেরীর কারণ ব্যাখ্যাসহ আপিল দায়ের নিশ্চিতক্রমে (প্রমাণকসহ) তথ্য আগামি ৩১/০১/২০২১খ্রি. তারিখের মধ্যে টিএমডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: হাইকোর্টের ওয়েব সাইট হতে প্রাপ্ত তথ্য-০২ পাতা।

(মো: আ: খালেক মিঞা) ২১/০১/২০২১
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাষ্টার কপি।